

১৬/০১/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী।

উপজেলা : ঝিকরগাছা, যশোর।
সভাপতি : জনাব ডুপালী সরকার, প্রশাসক, উপজেলা পরিষদ, ও উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর।
তারিখ : ১৬/০১/২০২৫ খ্রিঃ সময় : বেলা - ১০.০০ টায়।

উপস্থিত সদস্যদের তালিকা (পরিশিষ্ট - ক)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় আলোচনা শুরু করার জন্য কমিটির সদস্য-সচিব তথা উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

আলোচ্যসূচী : ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। কমিটির সদস্য-সচিব তথা উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী ছাড়াই সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।

আলোচ্যসূচী : ২। সমবায় সমিতির সদস্যদের মাঝে ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ প্রদান সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, উপজেলা (বিআরডিবি) অফিসে পুরুষ/মহিলা সমবায় সমিতি/দল মিলে ১৩৮ টি ফল চলমান সমিতি আছে। যাহার সদস্য সংখ্যা ৩,৫২৭ (তিন হাজার পাঁচশত সাতাশ) জন। সমবায় সমিতির সদস্যগণ গ্রাম পর্যায়ে নেতৃত্ব প্রদান করে থাকে। ফলে সমবায় সমিতির সদস্যদেরকে বিভিন্ন বিষয়ের উপর দ্রুত ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন। এ বিষয়ে ০৪(চার) টি ট্রেডের উপর প্রশিক্ষণের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করা হয়। যাহার বিবরণ নিম্নরূপঃ

- ১) উন্নত জাতের গাভী পালনের উপর প্রশিক্ষণ।
- ২) সমবায় সমিতির সদস্যদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সমবায় ব্যবস্থাপনা ও হিসাব সংরক্ষণ বিষয়ে প্রশিক্ষণ।
- ৩) সমবায় সমিতির সদস্যদের সেলাই প্রশিক্ষণ।
- ৪) দরিদ্র সদস্যদের আয় বৃদ্ধির লক্ষ্যে হাঁস/মুরগী ও ছাগল পালনের উপর প্রশিক্ষণ।

উক্ত প্রশিক্ষণ পরিচালনার জন্য প্রশিক্ষণ বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রয়োজন। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি সভাকে আহ্বান জানান।

সিদ্ধান্ত : ২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় সমবায় সমিতির সদস্যদের উপরোক্ত ট্রেডের উপর প্রশিক্ষণ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রকল্পের নাম : ১- সমবায় সমিতির সদস্যদের মাঝে ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ প্রদান।

প্রকল্পের ব্যয় : ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


ডুপালী সরকার
প্রশাসক

উপজেলা পরিষদ

ও

উপজেলা নির্বাহী অফিসার

ঝিকরগাছা, যশোর।

তারিখ : ১৬/০১/২০২৫ খ্রিঃ

স্মারক নং : ৪৭.৬২.৪১২৩.১০১.১৮.১৪৮.০৮. ৬৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। উপপরিচালক, বিআরডিবি, যশোর।

২। প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।

৩। উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর।

৪। চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, ঝিকরগাছা, যশোর।

৫। উপজেলা প্রকৌশলী, ঝিকরগাছা, যশোর।

৬। সদস্য (সকল) পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি, ঝিকরগাছা, যশোর।

৭। অফিস কপি।

(মোঃ মাহমুদুল হাসান)

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

ঝিকরগাছা, যশোর।

ফোন নং : ০৪২৭৭-৭৬৯২০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়
ঝিকরগাছা, যশোর।

স্থায়ী কমিটির সদস্যদের উপস্থিতির তালিকা।

অধিবেশন নং : ২৫ (পঁচিশ)
সময় : সকাল ১০.০০ টা।

তারিখ : ১৬/০১/২০২৫ খ্রিঃ

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষর :-

ক্রমিক নম্বর	নাম ও পদবী	সভার পদবী	স্বাক্ষর
০১	প্রশাসক উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।	সভাপতি	
০২	চেয়ারম্যান বাঁকড়া ইউনিয়ন পরিষদ ঝিকরগাছা, যশোর।	সদস্য	
০৩	চেয়ারম্যান নির্বাসখোলা ইউনিয়ন পরিষদ ঝিকরগাছা, যশোর।	সদস্য	
০৪	চেয়ারম্যান শংকরপুর ইউনিয়ন পরিষদ ঝিকরগাছা, যশোর।	সদস্য	
০৫	মোঃ ছালাউদ্দিন উপজেলা সমবায় কর্মকর্তা ঝিকরগাছা, যশোর।	সদস্য	
০৬	মোঃ মাহমুদুল হাসান উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ঝিকরগাছা, যশোর।	সদস্য-সচিব	